


ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩ ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫৫১০৭৩	বাংলাদেশ পানি  উন্নয়ন বোর্ড সচিবালয় ওয়ারপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০	Phone: 88-02-9555133 Fax: 88-02-9551073
---	--	--

স্মারক নং-পাউবো(সচি)প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/২৪১


তারিখঃ ০৬ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
২১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

দ গু রা দে শ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ ও সরকারি বিধি বিধান অনুসরণে বোর্ডের কর্মচারীদের অন্তর্বর্তীকালীন ৮০% পেনশন/৭৫% গ্রাচুইটি মঞ্জুরীর ব্যবস্থা এবং বোর্ডের ভবিষ্য তহবিল প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী তহবিলের সুদ/মুনাফা প্রদান বিষয়ে বোর্ডের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :


ক্রঃ নং	আলোচ্য সূচী	সিদ্ধান্ত
১।	বেসামরিক সরকারি চাকুরেদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ ও সরকারি বিধি বিধান অনুসরণে বোর্ডের কর্মচারীদের অন্তর্বর্তীকালীন ৮০% পেনশন/৭৫% গ্রাচুইটি মঞ্জুরীর ব্যবস্থা	সভায় বিস্তারিত আলোচনান্তে অডিট আপত্তি থাকা অবস্থায় পেনশন স্কীমভুক্ত কর্মচারীদের ক্ষেত্রে ৮০% পেনশন এবং গ্রাচুইটি স্কীমভুক্তদের ক্ষেত্রে ৭৫% গ্রাচুইটি পরিশোধ করা যাবেনা মর্মে কোন আদেশ না থাকায় এখন থেকে অনুরূপ ক্ষেত্রে ৮০% পেনশন অথবা ৭৫% গ্রাচুইটি মঞ্জুরের আবেদন করা হলে সরকারী প্রচলিত বিধি বিধানের আলোকে তা নিষ্পত্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
২।	বোর্ডের ভবিষ্য তহবিল প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী তহবিলের সুদ/মুনাফা প্রদান	(ক) প্রবিধানমালার বিধান অনুযায়ী বোর্ডের মহাপরিচালক সাধারণ ও অংশ প্রদেয় ভবিষ্য তহবিলের বাৎসরিক সুদ/মুনাফার হার অনুমোদন করবেন। (খ) ভবিষ্য তহবিল হতে বাৎসরিক অর্জিত মোট আয় তহবিলের সদস্যদের মধ্যে তাদের জমার আনুপাতিক হারে বন্টন করা হবে। তবে সরকার সরকারী কর্মচারীদের জন্য যে হারে সুদ/মুনাফা প্রদান করবে, তার বেশী সুদ বা মুনাফা বোর্ডের কর্মচারীগণ প্রাপ্য হবেন না। কোন বছর বোর্ডের ভবিষ্য তহবিলে আয় বেশী হওয়া সত্ত্বেও সরকারী জিপিএফ সুদ/মুনাফার হারের সাথে সঙ্গতি রেখে কর্মচারীদের সুদ/মুনাফা প্রদান করার ফলে সংশ্লিষ্ট বছরে যে অবশিষ্ট সুদ/মুনাফা থাকবে তা ভবিষ্য তহবিলে জমা করা হবে। তহবিলে কোন বছর আয় কম হলে উক্ত অবশিষ্ট সুদ/মুনাফা ব্যবহার করে সরকারী হারের সাথে সামঞ্জস্য রেখে বোর্ডের কর্মচারীদের সুদ/মুনাফা প্রদান করা যাবে। তবে এরূপ ক্ষেত্রে অবশিষ্ট সুদ/মুনাফা না থাকলে কেবল তহবিলের অর্জিত আয় অনুযায়ী কর্মচারীদের সুদ/মুনাফা প্রদান করা হবে। (গ) ভবিষ্য তহবিলের সুদ/মুনাফা নির্ধারণের জন্য বাপাউবো পরিচালনা পরিষদে উপস্থাপনের নিমিত্ত ইতোমধ্যে যে কার্যপত্রটির অনুমোদন দেয়া হয়েছে, তা প্রত্যাহার করা হলো।

- ২। উপর্যুক্ত সিদ্ধান্তমতে সংশ্লিষ্ট সকলকে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩। এতে বোর্ডের মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।


(আব্দুল খালেক)

সচিব
বাপাউবো, ঢাকা

ফোন : ৯৫৫৫১৩৩


ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩ ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫১০৭৩	 <p>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সচিবালয় ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০</p>	Phone: 88-02-9555133 Fax: 88-02-9551073
--	--	--

স্মারক নং-পাউবো(সচি)প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খণ্ড)/২৪১/১(১০০)

তারিখঃ ০৬ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
 ২১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান (সকল), -----, বাপাউবো, -----।
- ২। নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।
- ৩। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, -----, বাপাউবো, -----।
- ৪। সি,এস, টু, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৫। নির্বাহী প্রকৌশলী (সকল), -----, বাপাউবো, -----।
- ৬। সি,এস, টু, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৭। উপ-সচিব(সকল), বাপাউবো, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৯। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল), ----- আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো,
- ১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন)/সচিব, বাপাউবো, ঢাকা।
- ১১। অফিস কপি/মাস্টার কপি।


 (প্রদীপ কুমার বসাক)
 সহকারী পরিচালক (প্রশাসন-২)
 বাপাউবো, ঢাকা।